

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনসিটিউট  
১২৫/এ, দারুস সালাম, এ ডেলিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

নম্বর : ১৫.৫৫.০০০০.৩০১.২৯.১৩৫.২৩. ৭২৯

শ্রাবণ ১৪৩০  
তারিখ :  
আগস্ট ২০২৩

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনসিটিউট আয়োজিত ‘নগর উন্নয়ন ঝুঁকি হাসে গণমাধ্যম-এর ভূমিকা’ সেমিনার ১০ আগস্ট ২০২৩ বৃহস্পতিবার সকাল ০৯.৩০ মি. ইনসিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের মহাপরিচালক ফায়জুল হক-এর সভাপতিতে অনুষ্ঠিত সেমিনারে মূলপ্রবন্ধ-উপস্থাপন করেন ড. মো. আকতার মাহমুদ, অধ্যাপক, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

সেমিনারে প্রধান অতিথি ও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মো. আনিচুর রহমান মি.ও.বি.পি.এ.এ, চেয়ারম্যান (সচিব), রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ। মুখ্য আলোচক সত্যব্রত সাহা, সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব অমিতোষ পাল, সভাপতি, নগর উন্নয়ন সাংবাদিক ফোরাম এবং সন্তোষ শর্মা, সম্পাদক, দৈনিক কালবেলা আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। এ সেমিনারে জাতীয় গণমাধ্যম ইনসিটিউট, বাংলাদেশ টেলিভিশন, তথ্য অধিদফতর, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনসিটিউট, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (DMP) ও নগর উন্নয়ন সাংবাদিক ফোরাম এর প্রতিনিধিবৃন্দ এবং বিশিষ্ট গণমাধ্যমকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ, কে, এম আজিজুল হক। জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের উপপরিচালক তানিয়া খান সেমিনার পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

সেমিনারে মূল বক্তব্যে জলাবদ্ধতা, বর্জ্য ব্যবস্থাপনায় অসামঞ্জস্য, যানজট, প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগসমূহ এবং সকল ধরনের দূষণ পরিকল্পিত নগর উন্নয়নের প্রতিবন্ধক হিসেবে আলোচিত হয়। মূলপ্রবন্ধ উপস্থাপক সমকালীন নগর ঝুঁকির বিভিন্ন চিত্র তুলে ধরে মানসম্পন্ন নগর উন্নয়নের সঠিক তথ্য প্রকাশের উপর গুরুত্ব আরোপ করেন। সাবেক সচিব সত্যব্রত সাহা বলেন, নগর উন্নয়নে দুর্যোগ ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান ও নাগরিকদের মধ্যে বিশ্বস্ততার সেতুবন্ধন তৈরি করতে সাংবাদিকদের আন্তরিক ভূমিকা পালন করতে হবে।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান বলেন পরিকল্পিত নগরায়নে সরকার জলাশয়, ভূমিব্যবস্থাপনা, বন সংরক্ষণ, ইকোপার্ক স্থাপন, জনবন্ধনসহ বিভিন্ন বিষয় গুরুত্ব আরোপ করে বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে।

সেমিনারে উন্মুক্ত আলোচনায় উঠে আসে সচেতন ভূমির ব্যবহার, টেকসই ব্যবস্থাপনা, জনবাস্তব গণপরিবহনের ব্যবস্থা, জলধারা সংরক্ষণ প্রভৃতির মাধ্যমে এই ঝুঁকি কমিয়ে স্বাস্থ্যসম্মত নগর গড়ে তোলা সম্ভব। অন্যান্যদের মধ্যে আলোচনা করেন জাতীয় গণমাধ্যম ইনসিটিউটের মহাপরিচালক জনাব ফায়জুল হক।

১৩.৮.২৩  
আবদুল হাম্মান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৩৮-৮২

**বিতরণ: সদয় কার্যার্থে**

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / বাংলা ভিশন / নেক্সাস টিভি / চ্যানেল আই / একুশে টিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইতেফাক / দৈনিক জনকষ্ট / দৈনিক প্রথম আলো / দৈনিক সমকাল / বাংলাদেশ প্রতিদিন / নিউ নেশন / সমকাল / মানবজগতিন / ইনকিলাব / দৈনিক ভোরের ডাক / কমিউনিটি রেডিও / অন্যান্য প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসমূহ/নগর উন্নয়ন সাংবাদিক ফোরাম।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনসিটিউট, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)